

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প  
পরিসংখ্যান ভবন (৯ম তলা)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০৬.২৩-০৬-৩


তারিখ: ২৭ পৌষ ১৪৩০  
১১ জানুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান ও প্রয়োজনীয় তালিকা সরবরাহ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিসংখ্যান আইন ২০১৩ এবং Allocation of Business অনুযায়ী প্রতি দশ বছর অন্তর অন্তর অর্থনৈতিক শুমারি পরিচালনা করে থাকে। অর্থনৈতিক শুমারি হলো দেশের মৌলিক অর্থনৈতিক কর্মকাণ্ডের পূর্ণাঙ্গ তথ্যভান্ডার। এ লক্ষ্যে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি বাস্তবায়নের জন্য গত ২৯ আগস্ট ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়।

২। দেশের ভৌগোলিক সীমারেখায় অবস্থিত অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল ধরনের স্থায়ী, অস্থায়ী প্রতিষ্ঠান এবং অর্থনৈতিক কর্মকাণ্ড সম্বলিত খানা এই শুমারির আওতাভুক্ত হবে। শুমারির মাধ্যমে অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকাণ্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরণ, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত পরিসংখ্যান প্রণীত ও প্রকাশ করা হবে। এসব প্রাপ্ত তথ্য-উপাত্ত সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও পর্যালোচনায় ব্যবহৃত হবে এবং জাতীয় শিল্পনীতি ২০২২ এর আলোকে উৎপাদনশীল শিল্প কারখানার বাস্তব অবস্থা সম্পর্কে সম্ভাব্য ধারণা প্রদান করবে। শুমারির ১ম জোনাল অপারেশন আগামী এপ্রিল, ২০২৪-এ এবং মূল শুমারি কার্যক্রম ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর/ডিসেম্বরে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। সরকারের এ গুরুত্বপূর্ণ কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়নে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর আওতাধীন প্রধান ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সহযোগিতা এবং উপরে উল্লিখিত দপ্তরসমূহে সংরক্ষিত হালনাগাদকৃত অর্থনৈতিক প্রতিষ্ঠান সমূহের জেলা ও উপজেলা ভিত্তিক তালিকার সফট কপি একান্ত প্রয়োজন।

৩। বর্নিতাবস্থায়, অর্থনৈতিক শুমারি ২০২৩-এর কার্যক্রম সুষ্ঠু এবং যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর আওতাধীন প্রধান ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে বিবিএস'র মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে সার্বিক সহযোগিতার নির্দেশনা প্রদান ও হালনাগাদকৃত অর্থনৈতিক প্রতিষ্ঠান সমূহের জেলা ও উপজেলাভিত্তিক তালিকার সফট কপি cc24.bbs@gmail.com ই-মেইল ঠিকানায় ও হার্ড কপি আগারগাঁওস্থ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
১১/০১/২০২৪

মোহাম্মদ মিনজানুর রহমান  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৫৫০০৭০৫৬  
ইমেইল: dg@bbs.gov.bd

মহাপরিদর্শক  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
শ্রম ভবন  
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি  
বিজয়নগর, ঢাকা-১০০০

**অনুলিপি: (স্বার্থার্থে ও কার্যার্থে)**

- ০১) প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ০২) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩) মুখ্যপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ..... বিভাগ।
- ০৪) উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়, ..... জেলা।
- ০৫) .....
- ০৬) অফিস কপি।